

২০২৪

চতুর্থ সেমিস্টার

বাংলা - সাম্মানিক

পত্র : CC-8

(প্রাগাধুনিক সাহিত্য)

পূর্ণমান - ৬৫

প্রান্তলিখিত সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।

উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা বাঞ্ছনীয়।

- ১। (ক) গৌরচন্দ্রিকা বলতে কী বোঝো? গৌরচন্দ্রিকা ও গৌরাঙ্গ বিষয়ক পদের পার্থক্য নির্দেশ করে বুঝিয়ে দাও কেন সকল গৌরচন্দ্রিকা গৌরাঙ্গ বিষয়ক পদ হলেও সব গৌরাঙ্গ বিষয়ক পদই গৌরচন্দ্রিকা নয়। ২+৮

অথবা,

- (খ) “কি মোহিনী জান বঁধু কি মোহিনী জান।”

— উদ্ধৃতিটি কোন পর্যায়ের পদ? পদকর্তা কে? এই পর্যায়ের বিশেষত্ব কীভাবে পদটির মধ্যে দিয়ে প্রকাশিত হয়েছে তা উক্ত পদ অনুসরণে বোঝাও। ১+১+৮

- ২। (ক) “দুঃখ-দারিদ্র্যের চিত্র অঙ্কনে অসাধারণ দক্ষতা সত্ত্বেও দুঃখবাদ নয়, জীবনরসের উপভোগই তাঁর স্বভাবধর্ম।” — কবিকঙ্কণ চণ্ডীর পাঠ্য অংশ মনে রেখে মন্তব্যটির তাৎপর্য বিশ্লেষণ করো। ১০

অথবা,

- (খ) ভাঁড়ু দত্ত চরিত্র সৃজনে কবিকঙ্কণ মুকুন্দের বিশেষত্ব কতখানি আলোচনা করে দেখাও। ১০

- ৩। (ক) শাস্ত্রপদাবলীর ‘ভক্তের আকৃতি’ পর্যায়ে কবিরা নিজেদের নানাবিধ দুঃখকষ্টের কথা বললেও শেষ পর্যায়ে তাঁদের ভক্তি, মুক্তি কামনা ও দেবীর উপর একান্ত নির্ভরতাই প্রাধান্য পেয়েছে।— পাঠ্যপদগুলি অনুসরণে মন্তব্যটির যথার্থতা বিচার করো। ১০

অথবা,

- (খ) তোমাদের পাঠ্যপদগুলি অবলম্বনে কমলাকান্ত ভট্টাচার্যের কবিপ্রতিভার পরিচয় দাও। ১০

- ৪। (ক) “কর-কঙ্কণ-পণ ফণিমুখ-বন্ধন
শিখই ভুজগ-গুরু-পাশে॥”

— কবি কে? কোন পর্যায়ের পদ? অংশটুকুর মর্মার্থ ব্যাখ্যা করো। ১+১+৩

অথবা,

- (খ) “ঘরের বাহিরে দণ্ডে শতবার
তিলে তিলে আইসে যায়।”

— উদ্ধৃত অংশের পদকর্তা কে? এটি কোন রসপর্যায়ের অন্তর্গত? অংশটির তাৎপর্য ব্যাখ্যা করো।

১+১+৩

- ৫। (ক) “আমানি খাবার গর্ত দেখে বিদ্যমান” — বক্তা কে? কোন প্রসঙ্গে সে কাকে একথা বলেছে? একথা বলার উদ্দেশ্য কী ছিল?
১+২+২

অথবা,

- (খ) “আস্যাগো আমার পুর সন্তাপ করিব দূর
কানে দিব কনক-কুণ্ডল॥”

— কোন অংশ থেকে নেওয়া? বক্তার বক্তব্যের তাৎপর্য পরিস্ফুট করো।

১+৪

- ৬। (ক) “কামিনী করিল বিধি তেই হে তোমারে সাধি,
নারীর জনম কেবল যজ্ঞগা সহিতে॥”

— কবি ও পর্যায়ের নাম উল্লেখ করো। কে, কার কাছে কেন এই খেদ প্রকাশ করেছেন?

১+১+১+১+১

অথবা,

- (খ) “আমি কি দুখে ডরাই?” — কোন পর্যায়ের পদ? পদকর্তা কে? তাঁর বক্তব্যের পিছনে মনস্তত্ত্বটি বুঝিয়ে দাও।

১+১+৩

- ৭। যে-কোনো একটি বিষয়ে সংক্ষেপে আলোচনা করো।

৫×১

- (ক) ‘অভিসার’ পর্যায়ের তত্ত্বগত তাৎপর্য
(খ) ‘কালকেতুর ভোজন’ অবলম্বনে কবিকঙ্কণের কৌতুকরস
(গ) ‘আগমনী ও বিজয়া’ পর্যায়ের পদগুলির মূলরস।

- ৮। সংক্ষেপে পূর্ণবাক্যে উত্তর দাও।

- (ক) গোবিন্দদাসকে ‘কবিরাজ’ উপাধিতে কে ভূষিত করেন? ১
(খ) “অভিনব হেম কল্পতরু সঞ্চরু” — এখানে ‘হেম’ শব্দটির অর্থ কী? ১
(গ) “সখি কি পুছসি অনুভব মোয়।” — কোন পর্যায়ের পদ? ১
(ঘ) “বহুদিন পরে বঁধুয়া এলে” — উদ্ধৃতিটির পদকর্তা কে? ১
(ঙ) “তাতল সৈকত বারিবিন্দুসম” — এখানে ‘তাতল’ শব্দটির অর্থ লেখো। ১
(চ) “অঙ্কুর তপন তাপে যদি জারব” — শীর্ষক পদটির পদকর্তার নাম লেখো। ১
(ছ) “আনিয়াছে তোর স্বামী বান্ধি নিজগুণে” — কে, কাকে এমন কথা বলেছে? ১

- (জ) কবি মুকুন্দ চক্রবর্তী তাঁর “চণ্ডীমঙ্গল” কাব্যের ‘আত্মপরিচয়’ অংশে মানসিংহকে কী নামে চিহ্নিত করেছেন? ১
- (ঝ) “চারি পুত্র মৈল মোর মৈল চারি ঝি।/মাণ্ড মৈল বুড়াকালে জীয়া কাজ কি।।” — এই বক্তব্যটি কার? ১
- (ঞ) “নাহি শুনে প্রজার গোহারি” — এখানে ‘গোহারি’ শব্দটির অর্থ কী? ১
- (ট) কবি মুকুন্দ চক্রবর্তীর জন্মস্থান কোথায়? ১
- (ঠ) “মা, নিম্ন খাওয়ালে চিনি বলে, কথায় করে ছলো।” — উদ্ধৃতিটি কোন পর্যায়ের? ১
- (ড) “এবার মায়ে ঝিয়ে করবো ঝগড়া, জামাই বলে মানব না” — এখানে ‘মা’ এবং ‘ঝি’ কারা? $\frac{1}{2} + \frac{1}{2}$
- (ঢ) “ওহে হর গঙ্গাধর, কর অঙ্গীকার।” — ‘হর’-এর কাছে কে অঙ্গীকার চেয়েছে? ১
- (ণ) “ওরে নবমী-নিশি, না হইও রে অবসান” — শীর্ষক পদটিতে নবমী নিশিকে মেনকা কী নামে চিহ্নিত করেছেন। ১